# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ রুকু থেকে উঠে

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

রুকু থেকে উঠে

১। (ربنا لك الحمد)অথবা (ربنا ولك الحمد) অথবা (اللهم ربنا ولك الحمد)

উচ্চারণঃ রাব্বানা লাকাল হামদ্, অথবা রাব্বানা অলাকাল হামদ্ অথবা “আল্লাহুম্মা রাব্বানা অলাকাল হামদ।”

অর্থ হে আমাদের প্রভু! তোমারই নিমিত্তে যাবতীয় প্রশংসা।

২।

رَبَّنَا وَلَكَ الْحَمْدُ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ (مباركاً عليه كما يحب ربنا ويرضى)

উচ্চারণঃ-রাব্বানা অলাকাল হামদু হামদান কাসীরান ত্বাইয়্যেবান মুবা-রাকান ফীহ (মুবা-রাকান আলাইহি কামা য়ুহিব্বু রাব্বুনা অ য়্যারযা।)

অর্থঃ আমাদের প্রভু! তোমারই যাবতীয় প্রশংসা, অগণিত পবিত্রতা ও বর্কতময় প্রশংসা (যেমন আমাদের প্রতিপালক ভালবাসেন ও সন্তুষ্ট হন।) (বুখারী, আবু দাউদ)

৩।

ربَّنا لك الحمدُ، مِلْءَ السَّموات ومِلْءَ الأرضِ، ومِلْءَ ما شِئْتَ مِن شيءٍ بعدُ

উচ্চারণঃ- রাব্বানা অলাকাল হামদু মিলআস সামা-ওয়া-তি অমিলআল আরযি,অ মিলআ মা শি’তা মিন শাইয়িন বা'দ।

অর্থঃ হে আমাদের প্রভু! তোমারই নিমিত্তে যাবতীয় প্রশংসা আকাশমন্ডলী ও পৃথিবী ভরে এবং এর পরেও তুমি যা চাও সেই বস্তু ভরে।

৪।

ربَّنا لك الحمدُ، مِلْءَ السَّمواتِ وَالأرضِ، ومِلْءَ ما شِئتَ مِن شيءٍ بعدُ أهلَ الثناءِ والمجدِ، أحقُّ ما قال العبدُ، وكلُّنا لك عبدٌ، اللهمَّ لا مانعَ لِما أعطَيتَ، ولا مُعطيَ لِمَا منَعتَ، ولا ينفَعُ ذا الجَدِّ منك الجَدُّ

উচ্চারণঃ- রাব্বানা লাকাল হামদু মিলআস সামাওয়া-তি অল আরযি,অমিলআ মা শি’তা মিন শাইয়িন বা’দ, আহলাস সানা-য়ি অলমাজদ। আহাক্কু মা ক্বা-লাল আব্দ, অকুল্লুনা লাকা আব্দ, আল্লা-হুম্মা লা মা-নিআ লিমা আ’ত্বাইতা অলা মুত্বিআ লিমা মানা’তা অলায়্যানফাউ যাল জাদ্দি মিনকাল জাদ্দ।

অর্থঃ হে আমাদের প্রভু! তোমারই নিমিত্তে আকাশমন্ডলী ও পৃথিবী পূর্ণ এবং এর পরেও যা চাও তা পূর্ণ যাবতীয় প্রশংসা। হে প্রশংসা ও গৌরবের অধিকারী। বান্দার সব চেয়ে সত্যকথা --আর আমরা প্রত্যেকেই তোমার বান্দা, হে আল্লাহ! তুমি যা প্রদান কর তা রোধ করার এবং যা রোধ কর তা প্রদান করার সাধ্য কারো নেই। আর

ধনবানের ধন তোমার আযাব থেকে মুক্তি পেতে কোন উপকারে আসবে না। (মুঃ ৪৭৭)

৫।

لربی الحمد لربي الحمد

উচ্চারণঃ লিরাব্বিয়াল হামদু, লিরাব্বিয়াল হামদ।

অর্থঃ আমার প্রভুর জন্যই যাবতীয় প্রশংসা, আমার প্রভুর জন্যই যাবতীয় প্রশংসা।

এই দু'আ টি তাহাজ্জুদের নামাযে বারবার পড়া উত্তম। (আবু দাউদ, নাসাঈ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11702

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন